রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

রাকাব-এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

আইসিটিবি সার্কুলার লেটার নং ০১/২০২১ তারিখ : ০২.০৩.২০২১

বিষয়: "অস্পর্শনীয় সম্পদ অবলোপন নীতিমালা, ভার্সন ১.০, ২০২০" পরিপালন প্রসঙ্গে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে ক্রয়কৃত হার্ডওয়্যার, সফটওয়্যার ও আনুষঙ্গিক সরঞ্জামাদির ব্যবহার জনিত মূল্য হ্রাস হিসেবে বার্ষিক ২০% হারে অবচয় সম্পন্ন করা হয়। এক্ষেত্রে উপর্যুক্ত আইটি সম্পদকে Fixed Asset (Tangible Assets) হিসেবে চিহ্নিত করা হয়। গত ২০১৮-২০১৯ অর্থবছরের বহিঃনিরীক্ষার খসড়া নিরীক্ষা প্রতিবেদন ও ব্যবস্থাপনা প্রতিবেদন চূড়ান্তকরণ সংক্রান্ত সভায় অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক অস্পর্শনীয় সম্পদ (Intangible Assets) এর অবলোপন নীতিমালা তৈরীর সিদ্ধান্ত প্রদান করা হয়।

০২। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিদ্ধান্তের প্রেক্ষিতে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের "অস্পর্শনীয় সম্পদ অবলোপন নীতিমালা, ভার্সন ১.০, ২০২০" রাকাব পরিচালনা পর্ষদের ৫২৫তম সভায় (তারিখ : ১৩.০১.২০২১) অনুমোদিত হয়।

০৩। বর্ণিতাবস্থায় "অস্পর্শনীয় সম্পদ অবলোপন নীতিমালা, ভার্সন ১.০, ২০২০" যথাযথভাবে পরিপালনের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

০৪। ৩১ ডিসেম্বর ২০২০ অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীর পূর্বে এতদসংক্রান্ত সকল হিসাবায়ন অপরিবর্তিত থাকবে।

০৫। ইহা অবিলম্বে কার্যকর হবে।

02.03.2021

(মোঃ আবুল কালাম)
উপ-মহাব্যবস্থাপক

সংযুক্তি : ০৪ (চার) পাতা।

প্রকা/আইসিটিবি-৩৪/২০২০-২০২১/৫৮৭(৪৫৫) তারিখ: ০২.০৩.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/নিঃহিঃআঃ) মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকার, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী/ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। প্রজেক্ট ডাইরেক্টর, এসইসিপি, সিপিও, রাজশাহী।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। অফিস নথি।

02/03/2021

(মোহাম্মদ হুমায়ুন কবির)
সিনিয়র সিস্টেম এনালিস্ট (সমন্বয়)

অস্পর্শনীয় সম্পদ অবলোপন নীতিমালা
ভার্সন ১.০, ২০২০

১. রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অস্পর্শনীয় সম্পদ অবলোপন নীতিমালা "অস্পর্শনীয় সম্পদ অবলোপন নীতিমালা, ভার্সন ১.০, ২০২০" নামে অবহিত হবে।

২. "অস্পর্শনীয় সম্পদ অবলোপন নীতিমালা, ভার্সন ১.০, ২০২০" এর আওতায় নিম্নরূপ বিষয়সমূহ অন্তর্ভূক্ত থাকবে :

(১) অস্পর্শনীয় সম্পদ (Intangible Assets) নিরুপণ :

i. যে সকল সম্পদের বাহ্যিক বা কাঠামোগত রূপ নাই, সে সকল সম্পদকে অস্পর্শনীয় সম্পদ হিসেবে চিহ্নিত করতে হবে।

ii. কম্পিউটার সফটওয়্যার, ওয়েবসাইট, সুনাম, ট্রেডমার্ক, কপিরাইট, প্যাটেন্ট, গ্রন্থস্বত্ব, প্রাথমিক খরচ, ফ্র্যাঞ্চাইজ, Easement বা জমি ব্যবহারের অধিকার (অর্থাৎ জলের অধিকার, কাঠের অধিকার এবং খনিজ অধিকার) ইত্যাদি অস্পর্শনীয় সম্পদ হিসেবে বিবেচিত হবে।

iii. অস্পর্শনীয় সম্পদসমূহ International Accounting Standard (IAS)-38 অনুযায়ী লিপিবদ্ধ ও হিসাবায়ন করতে হবে।

(২) অস্পর্শনীয় সম্পদ (Intangible Assets) এর অবলোপন :

i. সীমিত আয়ুষ্কাল অস্পর্শনীয় সম্পদসমূহের (Intangible Assets with a Finite Life) ব্যবহার জনিত মূল্য হ্রাস অবলোপন (Amortization) পদ্ধতিতে হিসাব করতে হবে।

ii. ব্যাংকে ব্যবহৃত অস্পর্শনীয় সম্পদসমূহের জন্য সরল রৈখিক পদ্ধতিতে (Straight Line Method) অবলোপন সম্পন্ন করতে হবে।

iii. সরল রৈখিক পদ্ধতিতে সম্পদের ক্রয় মূল্যের উপর প্রতি বছর একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ অবচয় হিসাবে ধার্য করতে হবে।

iv. সম্পদের আয়ুষ্কালব্যাপী সমান অর্থ অবচয় হিসাবে দেখাতে হবে।

v. অবচয়ের পরিমাণ এমনভাবে স্থির করতে হবে যেন সম্পদের জীবনকাল শেষে কোন উদ্বৃত্ত থাকে না অর্থাৎ অবচয়ের শেষ অর্থবছরে সমন্বয় করতে হবে বা কেবলমাত্র ভগ্নাবশেষ মূল্য উদ্বৃত্ত থাকে।

vi. সম্পদের মোট অবচয়যোগ্য মূল্যকে কতগুলো সমান কিস্তিতে ভাগ করে প্রতি বছর একটি কিস্তি লাভ-লোকসান হিসাবে অবচয় হিসাব দেখাতে হবে।

vii. সম্পদের ক্রয়মূল্য থেকে আনুমানিক ভগ্নাবশেষ মূল্য বাদ দিলে যা থাকে তা হবে অবচয়যোগ্য মূল্য।

viii. অবচয়যোগ্য মূল্যকে সম্পদের কার্যকর জীবনকাল/আয়ুস্কাল দিয়ে ভাগ করলে প্রতিটি অর্থবছর (Financial Year) এর অবচয় পরিমাণ নিম্নোক্তভাবে নির্ণয় করা হয় :
বার্ষিক Amortization পরিমাণ = (সম্পদের ক্রয়মূল্য - ভগ্নাবশেষ মূল্য) ÷ আয়ুস্কাল (বৎসর)
অথবা,
বার্ষিক Amortization হার = সম্পদের ১০০% ক্রয়মূল্য ÷ আনুমানিক আয়ুস্কাল (বৎসর)

ix. সাধারণত সীমিত আয়ুষ্কাল সম্পন্ন অস্পর্শনীয় সম্পদের ক্ষেত্রে ভগ্নাবশেষ মূল্য শূন্য ধরতে হবে।

x. অস্পর্শনীয় সম্পদ (Intangible Assets) ক্রয়ের প্রথম অর্থবছর (Financial Year) এ যদি অস্পর্শনীয় সম্পদ (Intangible Assets) এর আয়ুস্কাল (বৎসর) ভগ্নাংশ হয় তবে সেই অর্থবছরে আয়ুস্কালের আনুপাতিক হারে অবচয় হিসাব করতে হবে।

xi. Supply, Installation ও Commissioning অন্তে সফটওয়্যার Ready for Use অবস্থায় গেলে অবচয় হিসাব করতে হবে।

(৩) অস্পর্শনীয় সম্পদ (Intangible Assets) এর মাসিক/বাৎসরিক সার্ভিস চার্জ বা মেইনটেন্যান্স চার্জ মুনাফা জাতীয় ব্যয় হিসেবে গণ্য হবে।

(৪) সীমিত আয়ুস্কাল সম্পন্ন অস্পর্শনীয় সম্পদ (Intangible Assets with a Finite Life) :

i. কোন আইনী, চুক্তিবদ্ধ, নিয়ামক, প্রযুক্তিগত বা অন্যান্য কারণে সীমাবদ্ধ এমন অস্পর্শনীয় সম্পদের আয়ুস্কাল নির্দিষ্টকালীন হবে অর্থাৎ সীমিত আয়ুস্কাল সম্পন্ন অস্পর্শনীয় সম্পদ হবে।

ii. কম্পিউটার সফটওয়্যার, ওয়েবসাইট ইত্যাদি সীমিত আয়ুস্কাল সম্পন্ন অস্পর্শনীয় সম্পদ হিসেবে বিবেচিত হবে।

iii. সাধারণত সীমিত আয়ুস্কাল সম্পন্ন অস্পর্শণীয় সম্পদের ক্ষেত্রে কোন ভগ্নাবশেষ মূল্য থাকবে না।

iv. সীমিত আয়ুস্কাল সম্পন্ন অস্পর্শনীয় সম্পদের (Intangible Assets with a Finite Life) Amortization করতে হবে।

v. অভ্যন্তরীণভাবে তৈরি কম্পিউটার সফটওয়্যার/ওয়েবসাইটটির উৎপাদনের সময়ের সাথে সম্পর্কিত খরচ ব্যয় হিসেবে বিবেচিত হবে।

(৫) অসীম আয়ুস্কাল সম্পন্ন অস্পর্শনীয় সম্পদ (Intangible Assets with an Indefinite Life) :

i. কোন আইনী, চুক্তিবদ্ধ, নিয়ামক, প্রযুক্তিগত বা অন্যান্য কারণে সীমাবদ্ধ নয় এমন অস্পর্শনীয় সম্পদের আয়ুস্কাল অনির্দিষ্টকালীন হবে অর্থাৎ অসীম আয়ুস্কাল সম্পন্ন অস্পর্শনীয় সম্পদ হবে।

ii. সুনাম, ট্রেডমার্ক, কপিরাইট, প্যাটেন্ট, গ্রন্থস্বত্ব, প্রাথমিক খরচ, ফ্র্যাঞ্চাইজ ইত্যাদি অসীম আয়ুস্কাল সম্পন্ন অস্পর্শনীয় সম্পদ হিসেবে বিবেচিত হবে।

iii. অসীম আয়ুস্কাল সম্পন্ন অস্পর্শনীয় সম্পদের (Intangible Assets with an Indefinite Life) Amortization হবে না।

iv. অসীম আয়ুস্কাল সম্পন্ন অস্পর্শনীয় সম্পদের ক্ষেত্রে Impairment এর জন্য বার্ষিক ভিত্তিতে পরীক্ষা ও মূল্যায়ন করতে হবে।

v. সম্পদের ফেয়ার ভ্যালু (Fair Value) বুক ভ্যালু (Book Value)-এর চেয়ে কম হলে Impairment হয় এবং এ অবস্থায় ব্যাংকের লোকসান লিপিবদ্ধ করতে হবে।

(৬) প্রদেয় অগ্রিমের অবলোপন হিসাবায়ন :

i. অস্পর্শনীয় সম্পদ (intangible assets) Implementation ও Installation সম্পন্ন হওয়ার পূর্বে অগ্রিম হিসেবে কোন অর্থ প্রদেয় হলে তা ব্যাংকের খরচ হিসেবে অন্তর্ভুক্ত হবে না।

ii. অগ্রিম হিসেবে প্রদেয় অর্থের কোন অবচয় ধার্য হবে না।

iii. অগ্রিম সমন্বয়ের পর খরচের খাতে অন্তর্ভূক্ত হলে এবং সফটওয়্যার Ready for use অবস্থায় গেলে অবচয়কাল গণনা শুরু হবে।

(৭) অস্পর্শনীয় সম্পদের বিক্রয়/নিষ্পত্তি :

i. অস্পর্শনীয় সম্পদ (Intangible Assets) বিক্রয় বা নিষ্পত্তি করার সময় লাভ বা ক্ষতির গণনা করতে হবে এবং লিপিবদ্ধ করতে হবে।

ii. অস্পর্শনীয় সম্পদ (Intangible Assets) বিক্রয় বা নিষ্পত্তি করার সময় বুক ভ্যালু (Book Value) থেকে ফেয়ার ভ্যালু (Fair Value) বাদ দিয়ে লাভ বা ক্ষতি হিসাব করতে হবে।

iii. অস্পর্শনীয় সম্পদ (Intangible Assets) এর ফেয়ার ভ্যালু (Fair Value) বুক ভ্যালু (Book Value)-এর চেয়ে বেশি হলে হিসাবে লাভ লিপিবদ্ধ করতে হবে।

iv. অস্পর্শনীয় সম্পদ (Intangible Assets) এর বুক ভ্যালু (Book Value) ফেয়ার ভ্যালু (Fair Value)-এর চেয়ে বেশি হলে হিসাবে ক্ষতি লিপিবদ্ধ করতে হবে।

সরল রৈখিক পদ্ধতিতে (Straight Line Method) অবচয় নির্ণয়ের বিভিন্ন নমুনা উদাহরণের মাধ্যমে অস্পর্শনীয় সম্পদ হিসাবায়ন পদ্ধতি নিম্নে উপস্থাপন করা হলো :

নমুনা উদাহরণ ১ : (০১ জুলাই হতে ৩০ জুন সময় ধরে ৫ বছর পূর্ণ মেয়াদকাল)
ধরা যাক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে ব্যবহারের জন্য ১০,০০,০০০/- টাকা ব্যয়ে একটি সফটওয়্যার ক্রয় করা হলো। সফটওয়্যারটি ৫ বছর ব্যবহারের জন্য লাইসেন্স প্রদান করা হলো। পাঁচ বছর পর সফটওয়্যারের মূল্য শূন্য টাকা হবে। এক্ষেত্রে নিম্নোক্তভাবে Amortization সম্পন্ন করতে হবে :

বার্ষিক Amortization এর পরিমাণ= (১০,০০,০০০ - ০) ÷ ৫ = ২,০০,০০০/- টাকা।

হিসাবায়ন পদ্ধতি :

বছর	Amortization Expense	Recorded Cost	Accumulated Amortization	Net Asset Value
বছর-০ (ক্রয় বছর)	০	০	০	১০,০০,০০০/-
বছর-১	২,০০,০০০/-	২,০০,০০০/-	২,০০,০০০/-	৮,০০,০০০/-
বছর-২	২,০০,০০০/-	২,০০,০০০/-	৪,০০,০০০/-	৬,০০,০০০/-
বছর-৩	২,০০,০০০/-	২,০০,০০০/-	৬,০০,০০০/-	৪,০০,০০০/-
বছর-৪	২,০০,০০০/-	২,০০,০০০/-	৮,০০,০০০/-	২,০০,০০০/-
বছর-৫	২,০০,০০০/-	২,০০,০০০/-	১০,০০,০০০/-	০

তারিখ	হিসাবের নাম	ডেবিট	ক্রেডিট
০১ জুলাই ২০১৯	কম্পিউটার সফটওয়্যার	১০,০০,০০০/-	-
	ক্যাশ	-	১০,০০,০০০/-

তারিখ	হিসাবের নাম	ডেবিট	ক্রেডিট
৩০ জুন ২০২০ (১ম বছর)	Amortization Expense	২,০০,০০০/-	-
	কম্পিউটার সফটওয়্যার	-	২,০০,০০০/-

উল্লেখ্য, প্রতি মাসে/বছরে বা প্রতি ভিজিটে কোন সার্ভিস চার্জ বা মেইনটেন্যান্স ফি থাকলে তা প্রদানের তারিখে মুনাফা জাতীয় ব্যয় হিসেবে দেখাতে হবে।

নমুনা উদাহরণ ২ : (০১ জুলাই হতে ৩০ জুন সময় ধরে ৩ বছর পূর্ণ মেয়াদকাল, অবচয় পরিমাণ ভগ্নাংশ)
ধরা যাক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে ব্যবহারের জন্য ৮,০০,০০০/- টাকা ব্যয়ে অপর একটি সফটওয়্যার ক্রয় করা হলো। সফটওয়্যারটি ৩ বছর ব্যবহারের জন্য লাইসেন্স প্রদান করা হলো। তিন বছর পর সফটওয়্যারের মূল্য শূন্য টাকা হবে। এক্ষেত্রে নিম্নোক্তভাবে Amortization সম্পন্ন করতে হবে :

বার্ষিক Amortization এর পরিমাণ= (৮,০০,০০০ - ০) ÷ ৩ = ২,৬৬,৬৬৬.৬৭/- টাকা।

হিসাবায়ন পদ্ধতি :

বছর	Amortization Expense	Recorded Cost	Accumulated Amortization	Net Asset Value
বছর-০ (ক্রয় বছর)	০	০	০	৮,০০,০০০/-
বছর-১	২,৬৬,৬৬৭/-	২,৬৬,৬৬৭/-	২,৬৬,৬৬৭/-	৫,৩৩,৩৩৩/-
বছর-২	২,৬৬,৬৬৭/-	২,৬৬,৬৬৭/-	৫,৩৩,৩৩৪/-	২,৬৬,৬৬৬/-
বছর-৩	২,৬৬,৬৬৬/-	২,৬৬,৬৬৬/-	৮,০০,০০০/-	০

এক্ষেত্রে শেষ অর্থবছরে যে পরিমাণ মূল্য অবশিষ্ট থাকবে, তা সম্পূর্ণ অবচয় করতে হবে।

তারিখ	হিসাবের নাম	ডেবিট	ক্রেডিট
০১ জুলাই ২০১৯	কম্পিউটার সফটওয়্যার	৮,০০,০০০/-	-
	ক্যাশ	-	৮,০০,০০০/-

তারিখ	হিসাবের নাম	ডেবিট	ক্রেডিট
৩০ জুন ২০২০ (১ম বছর)	Amortization Expense	২,৬৬,৬৬৭/-	-
	কম্পিউটার সফটওয়্যার	-	২,৬৬,৬৬৭/-

উল্লেখ্য, প্রতি মাসে/বছরে বা প্রতি ভিজিটে কোন সার্ভিস চার্জ বা মেইনটেন্যান্স ফি থাকলে তা প্রদানের তারিখে মুনাফা জাতীয় ব্যয় হিসেবে দেখাতে হবে।

নমুনা উদাহরণ ৩ : (০১ এপ্রিল হতে ৩০ জুন সময় ধরে আংশিক মেয়াদকাল)

পুনরায় ধরা যাক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে ব্যবহারের জন্য ৫,০০,০০০/- টাকা ব্যয়ে একটি সফটওয়্যার ক্রয় করা হলো। সফটওয়্যারটি ৫ বছর ব্যবহারের জন্য লাইসেন্স প্রদান করা হলো। পাঁচ বছর পর সফটওয়্যারের মূল্য শূন্য টাকা হবে। এক্ষেত্রে নিম্নোক্তভাবে Amortization সম্পন্ন করতে হবে :

বার্ষিক Amortization এর পরিমাণ= (৫,০০,০০০ - ০) ÷ ৫ = ১,০০,০০০/- টাকা।

হিসাবায়ন পদ্ধতি :

বছর	Amortization Expense	Recorded Cost	Accumulated Amortization	Net Asset Value
বছর-০ (ক্রয় বছর)	০	০	০	৫,০০,০০০/-
বছর-১	১,০০,০০০/-	১,০০,০০০/-	১,০০,০০০/-	৪,০০,০০০/-
বছর-২	১,০০,০০০/-	১,০০,০০০/-	২,০০,০০০/-	৩,০০,০০০/-
বছর-৩	১,০০,০০০/-	১,০০,০০০/-	৩,০০,০০০/-	২,০০,০০০/-
বছর-৪	১,০০,০০০/-	১,০০,০০০/-	৪,০০,০০০/-	১,০০,০০০/-
বছর-৫	১,০০,০০০/-	১,০০,০০০/-	৫,০০,০০০/-	০

তারিখ	হিসাবের নাম	ডেবিট	ক্রেডিট
০১ এপ্রিল ২০২০	কম্পিউটার সফটওয়্যার	১৬,৬৬৭/-	-
	ক্যাশ	-	১৬,৬৬৭/-

তারিখ	হিসাবের নাম	ডেবিট	ক্রেডিট
৩০ জুন ২০২০ (১ম বছর)	Amortization Expense	১৬,৬৬৭/-	-
	কম্পিউটার সফটওয়্যার	-	১৬,৬৬৭/-
৩০ জুন ২০২১ (২য় বছর)	Amortization Expense	১,০০,০০০/-	-
	কম্পিউটার সফটওয়্যার	-	১,০০,০০০/-

উল্লেখ্য, প্রতি মাসে/বছরে বা প্রতি ভিজিটে কোন সার্ভিস চার্জ বা মেইনটেন্যান্স ফি থাকলে তা প্রদানের তারিখে মুনাফা জাতীয় ব্যয় হিসেবে দেখাতে হবে।

(মোহাম্মদ হুমায়ুন কবির)
সিনিয়র সিস্টেম এনালিস্ট (সমন্বয়)

(মোঃ আবুল কালাম)
উপ-মহাব্যবস্থাপক